বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)
ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫; ০২-৯৬৭১৮৩০; info@bricm.gov.bd

# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের লক্ষ্যে বিআরআইসিএমের বছরব্যাপী কর্মসূচি

| নং | বিষয় ও বাস্তবায়নের সময়কাল | কর্মসূচি |
|---|---|---|
| ১. | **১৭ মার্চ ২০২১**<br>**জাতীয় শিশু দিবস উদ্‌যাপন** | • জাতীয় পতাকা উত্তোলন<br>• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন<br>• শিশুদের নিয়ে ভার্চুয়াল কবিতা/ গান আয়োজন<br>• মুজিববর্ষ উদ্‌যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ<br>• জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা |
| ২. | **২১ মার্চ ২০২১** | • বিআরআইসিএমে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক আলোচনা সভা |
| ৩. | **২৫ মার্চ ২০২১**<br>**গণহত্যা দিবস পালন** | • ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ঐদিন রাত ৯ :০০ টা থেকে ৯ :০১ মিনিট পর্যন্ত ০১ মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট পালন |
| ৪. | **২৬ মার্চ ২০২১**<br>**মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন** | • মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২১ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে বিআরআইসিএমে জাতীয় পতাকা উত্তোলন<br>• বিআরআইসিএমে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জাকরণ |
| ৫. | **মার্চ - ডিসেম্বর ২০২১ (বছরব্যাপী)** | **বায়োমেডিক্যাল ইকুইপমেন্ট ক্যালিব্রেশন সেবা প্রদান**<br>হাসপাতাল ও মেডিক্যাল ডায়াগনস্টিক ল্যাবগুলোতে ব্যবহৃত যন্ত্রপাতি যথানিয়মে ক্যালিব্রেশন করা স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের একটি বিশেষ পূর্বশর্ত। বিআরআইসিএম প্রথমবারের মত দেশে এই facility তৈরী করার মাধ্যমে এই ক্যালিব্রেশনের সংস্কৃতি দেশে চালু করার উদ্যোগ গ্রহণ করেছে। সে অনুযায়ী এ পর্যন্ত ৩২ ধরণের যন্ত্রপাতি ক্যালিব্রেশনের সুযোগ সৃষ্টি করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে ০৬টি হাসপাতালে ব্যবহৃত বায়োমেডিক্যাল ইকুইপমেন্ট ক্যালিব্রেশন সেবা সৌজন্য হিসেবে প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। |
| ৬. | **১৬ এপ্রিল ২০২১** | **স্পিকিং ভাল্‌ভ বিতরণ**<br>ক্যান্সার বা অন্য কোন জটিল রোগের চিকিৎসায় গলায় অপারেশনের ক্ষেত্রে কথা বলা চালু রাখার লক্ষ্যে এ ধরণের স্পিকিং ভাল্‌ভ স্থাপন করা হয়ে থাকে। এই স্পিকিং ভাল্‌ভ বর্তমানে বিদেশ থেকে আমদানী করা হয়। এই স্পিকিং ভাল্‌ভ স্থাপন ব্যয় সাপেক্ষ বিধায় অসচ্ছল রোগীদের যথেষ্ট সমস্যায় পড়তে হয়। এই বাস্তবতা বিবেচনায় বিআরআইসিএম স্বল্প মূল্যে স্পিকিং ভাল্‌ভ উদ্ভাবন করেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে দেশব্যাপী সংশ্লিষ্ট অসচ্ছল রোগীদের এই স্পিকিং ভাল্‌ভ বিনামূল্যে বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। |
| ৭. | **২০ মে ২০২১** | **রেফারেন্স ম্যাটেরিয়ালস বিতরণ**<br>বিআরআইসিএম বাংলাদেশে এই প্রথম রেফারেন্স ম্যাটেরিয়ালস/ রেফারেন্স স্ট্যান্ডার্ড তৈরী করেছে। ঔষধ শিল্পে পণ্য উৎপাদন মান নিয়ন্ত্রণের জন্য উদ্ভাবিত এই রেফারেন্স স্ট্যান্ডার্ড ব্যবহৃত হয়। বিদেশে রপ্তানিযোগ্য ঔষধ উৎপাদনের ক্ষেত্রে এই রেফারেন্স স্ট্যান্ডার্ড ব্যবহার বাধ্যতামূলক যা ফার্মাসিউটিক্যালগুলো বৈদেশিক মুদ্রা ব্যয়ে আমদানি |

| নং | বিষয় ও বাস্তবায়নের সময়কাল | কর্মসূচি |
|---|---|---|
| | | করে থাকে। এপর্যায়ে প্যারসিটামল ও ডাইক্লোফেনাক উৎপাদন কাজে ব্যবহৃত Acetaminophen ও Dichlofenac Na প্রস্তুত করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে সংশ্লিষ্ট ফার্মাসিউটিক্যালগুলোতে এই রেফারেন্স স্ট্যান্ডার্ড সৌজন্য হিসেবে প্রদান করা হবে। |
| ৮. | **জুন ২০২১**<br>(মাননীয় মন্ত্রী মহোদয়ের সম্মতিক্রমে দিন নির্ধারণ করা হবে) | • বিআরআইসিএমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের কবিতা পাঠের অনুষ্ঠান আয়োজন |
| ৯. | **জুলাই ২০২১** | **বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড আয়োজন**<br>বিজ্ঞান মনস্ক জাতি গঠনে নতুন প্রজন্মকে কেমিক্যাল মেট্রোলজির গুরুত্ব ও হাতে-কলমে এর ব্যবহার বিষয়ে সচেতন করে তোলার লক্ষ্যে দেশব্যাপী এই অলিম্পিয়াডের আয়োজন করা হবে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে আয়োজিত এই অলিম্পিয়াডের নামকরণ করা হয়েছে বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড।<br>• বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াডের ১ম রাউন্ড আয়োজন |
| ১০. | **জুলাই – আগস্ট ২০২১** | • বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াডের ২য় রাউন্ড আয়োজন |
| ১১. | **আগস্ট ২০২১**<br>(মাননীয় মন্ত্রী মহোদয়ের সম্মতিক্রমে দিন নির্ধারণ করা হবে) | • বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী থেকে পাঠ অনুষ্ঠান আয়োজন |
| ১২. | **১৫ আগস্ট ২০২১**<br>**জাতীয় শোক দিবস পালন** | • বিআরআইসিএমে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা<br>• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন<br>• শিশুদের সাথে মাননীয় মন্ত্রীর সমাবেশ/ মুক্তিযুদ্ধের গল্প বলা অনুষ্ঠান<br>স্বাধীনতা যুদ্ধের চেতনা সমুজ্জ্বল রাখতে আমাদের মহান মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে স্বাধীনতা পরবর্তী প্রজন্মকে অবহিত রাখা অত্যন্ত জরুরী। এ বিবেচনায় বিআরআইসিএম মুক্তিযুদ্ধের গল্প বলা নামে একটি অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ নিয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মুক্তিযোদ্ধা স্থপতি ইয়াফেস ওসমান মহোদয় আমাদের মহান মুক্তিযুদ্ধে সম্মুখ সমরের একজন যোদ্ধা। বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াডে আগত ছাত্র-ছাত্রীদের সম্মীলনীতে মাননীয় মন্ত্রীর মুক্তিযুদ্ধে অংশগ্রহণের অভিজ্ঞতা বিষয়ে গল্প বলার জন্য মন্ত্রী মহোদয়কে আমন্ত্রণ জানানো হবে। |
| ১৩. | **১৫ সেপ্টেম্বর ২০২১** | • বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াডের ফাইনাল রাউন্ড ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন |
| ১৪. | **সেপ্টেম্বর - অক্টোবর ২০২১** | **ল্যাবরেটরী স্ট্যান্ডার্ড ISO/IEC 17025 বিষয়ে প্রশিক্ষণ প্রদান**<br>অ্যাক্রিডিটেশনের ক্ষেত্রে ল্যাবরেটরী স্ট্যান্ডার্ড ISO/IEC 17025 । বাংলাদেশে এই ল্যাবরেটরী স্ট্যান্ডার্ড অর্জনের ক্ষেত্রে একটি অন্যতম বাধা এই বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও প্রশিক্ষণের অভাব। বিআরআইসিএম ইন্ডাস্ট্রির জন্য ISO/IEC 17025 বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করে থাকে। বাংলাদেশ অ্যাক্রিডিটেশন বোর্ডের সকল স্তরের কর্মকর্তা বিআরআইসিএম (পূর্বতন ডিআরআইসিএম) থেকে এই প্রশিক্ষণ গ্রহণ করেছে। আমাদের ল্যাবরেটরীগুলোর অবিলম্বে অ্যাক্রিডিটেশন অর্জন এ মন্ত্রণালয়ের একটি উদ্যোগ। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে কমপক্ষে ৫০ জন laboratory personnel-কে ISO/IEC 17025 বিষয়ে সৌজন্য হিসেবে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

| নং | বিষয় ও বাস্তবায়নের সময়কাল | কর্মসূচি |
|---|---|---|
| ১৫. | **১৬ ডিসেম্বর ২০২১**<br>**বিজয় দিবস পালন** | • ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে বিআরআইসিএমে জাতীয় পতাকা উত্তোলন<br>• জাতীয় স্মৃতি সৌধ, সাভারে পুস্পস্তবক অর্পন<br>• বিআরআইসিএমে আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা<br>• বঙ্গাবন্ধুর উপর আলোকচিত্র প্রদর্শনী<br>• আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও দোয়া মাহফিল আয়োজন |